

2 0 1 8

BENGALI

(Major)

Paper : 5.6

Full Marks : 60

Time : 3 hours

The figures in the margin indicate full marks for the questions

১। নির্দেশানুযায়ী উত্তর দাও : ১×৭=৭

(ক) জাবালির পত্নীর নাম কী?

(খ) চৌদ্দ নম্বর হাবশীবাগান লেনের মেস-এর ম্যানেজার কে ছিলেন?

(গ) “এক আনা খরচ করলেই দেখে আসতে পার, কেবল রবিবার বিকেলে এক টাকা।” বক্তা এখানে কাকে দেখে আসার কথা বলেছেন?

(ঘ) “চললে হাঁপানি, থামলে _____।”
(শূন্যস্থান পূরণ করো)

(ঙ) বঙ্কিমচন্দ্র নারিকেলের কোন অংশের সঙ্গে স্ত্রীলোকের রাপের তুলনা করেছেন?

(চ) “এখন আয়, পাখী! তোতে আমাতে একবার _____
গাই।”

(শূন্যস্থান পূরণ করো)

(ছ) “শৌণ্ডিকালয়ের বাহিরে ত তাঁহার পরোপকার কিছু দেখি
না।” ‘শৌণ্ডিকালয়’ কাকে বলে?

২। সংক্ষিপ্ত উত্তর দাও :

২×৪=৮

(ক) বকুলবাবু কোথায় এবং কত টাকা মাইনেতে চাকরি
করতেন?

(খ) “আমি সময় বুঝিয়া নাস্তিক হই, আবার অবসরক্রমে
আস্তিক হইয়া থাকি।” কে, কাকে এই কথা বলেছেন?

(গ) “দাদাঠাকুর, তোমার দপ্তরে ও কিসের কাগজ?” কে,
কাকে দাদাঠাকুর বলে সম্বোধন করেছিলেন?

(ঘ) “দুইটি পঞ্চম মিষ্ট বটে।” লেখক কোন্ দুটি পঞ্চমকে
মিষ্ট বলেছেন?

৩। ক—গুচ্ছ এবং খ—গুচ্ছ, প্রতি গুচ্ছ থেকে অন্তত একটি করে
মোট তিনটি প্রশ্নের উত্তর দাও :

৫×৩=১৫

ক—গুচ্ছ

(ক) জাবালি শতদ্রু নদীতীরে মাছ ধরাকালীন কী দেখে বিস্মিত
হয়েছিল? ঘটনাটি বর্ণনা করো।

(খ) তাৎপর্য বিশ্লেষণ করো :

“মা লক্ষ্মী, তোমার ঠোঁটের সিঁদুর অক্ষয় হোক।”

(গ) “কেষ্টর আপাদমস্তক বাঙালীর আধুনিক বেশবিন্যাসের বিরুদ্ধে বিদ্রোহ ঘোষণা করিতেছে।” এই বেশবিন্যাসের বর্ণনা দাও। এই বেশবিন্যাসের তাৎপর্য কী?

খ—গুচ্ছ

(ক) “কেবল একখানি দোকান দেখিলাম—তাহা অতি চমৎকার।” বক্তার এরূপ মন্তব্যের কারণ কী? আলোচনা করো।

(খ) “আমার দিব্যজ্ঞানের উদয় হইল—কার্যকারণসম্বন্ধ পরম্পরা আমার চক্ষে প্রথর সূর্যকিরণে প্রভাসিত হইল।” প্রসঙ্গটি বিশদ করো।

(গ) “রমণীমণ্ডলী এ সংসারে নারিকেল।” বক্তার এই বক্তব্যের তাৎপর্য বিশ্লেষণ করো।

৪। ক—গুচ্ছ এবং খ—গুচ্ছ, প্রতি গুচ্ছ থেকে অন্তত একটি করে মোট তিনটি প্রশ্নের উত্তর দাও :

১০×৩=৩০

ক—গুচ্ছ

(ক) তোমাদের পাঠ্য ‘কঙ্কলী’র গল্পগুলি অনুসরণে হাস্যরস সৃষ্টিতে পরশুরামের কৃতিত্ব বিচার করো।

(খ) ‘স্বয়ংবরা’ গল্পের পরিসমাপ্তি সম্বন্ধে আলোচনা করো।

(গ) নিবারণ-সত্ব্রতেরা কীভাবে বিরিক্ষিবাবার ঠক্বাজি ধরে ফেলেছিলেন তা সংক্ষেপে বর্ণনা করো।

খ—গুচ্ছ

(ক) “ ‘আমার মন’ নিবন্ধে প্রথম দিককার একান্ত দায়িত্বহীন উচ্চহাস্যের চর্চা পরের দিকে ক্রমে ঘনীভূত হয়ে এমন একটি জীবনজিজ্ঞাসাকে প্রকাশ করেছে যা সমকালকে ভেদ করে ভবিষ্যৎকে স্পর্শ করেছে।” সমালোচকের এই মন্তব্যের আলোকে ‘আমার মন’ নিবন্ধটি আলোচনা করো।

(খ) ‘টেকি’ প্রবন্ধের অন্তর্নিহিত তাৎপর্য বিশ্লেষণ করো।

(গ) ‘বসন্তের কোকিল’ প্রবন্ধের নামকরণের সার্থকতা বিচার করো।

★ ★ ★